

জাতীয় জীবনে রাবির গৌরবোজ্জ্বল ভূমিকা রয়েছে : শিক্ষা উপদেষ্টা

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একটি গৌরবোজ্জ্বল ভূমিকা রয়েছে বলে

মন্তব্য করেছেন শিক্ষা উপদেষ্টা অধ্যাপক চৌধুরী রফিকুল আবরার।

রবিবার (৬ জুলাই) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৭২তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি

সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন।

শিক্ষা উপদেষ্টা বলেন, ‘রাজশাহী বিশ্ববিদ্যালয় আগামী দিনগুলোতে সবার সম্মিলিত প্রচেষ্টায় আরো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। জুলাই মাসে এ ধরনের একটি অনুষ্ঠানে আসতে পেরে, তরুণদের সামনে আসতে পেরে বিশ্ববিদ্যালয়ের সবাইকে আন্তরিক অভিনন্দন জানান তিনি।

তিনি আরো বলেন, ‘রাজশাহী বিশ্ববিদ্যালয়ের যে পরিবেশ, সেটি আনন্দের পরিবেশ। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার যে লক্ষ্য, সেটি যাতে ছাত্র থাকাকালীন ও পরেও ধারণ করতে পারে, সেই প্রত্যাশা করেন।’

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সকালে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবন-১-এর সামনে জাতীয় সংগীত পরিবেশন, পতাকা উত্তোলন এবং বেলুন ও পায়রা উড়িয়ে প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠান শুরু হয়। পরে সেখান থেকে একটি শোভাযাত্রা বের হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে সিনেটে ভবনের সামনে শেষ হয়।

সিনেট ভবনে সভায় বক্তৃরা বলেন, প্রতিষ্ঠার ৭১ বছর পরেও বিশ্ববিদ্যালয়ের সব লক্ষ্য অর্জিত হয়নি।

শিক্ষার্থীদের খাবার, আবাসন, গবেষণা ও চিকিৎসাসহ নানা খাতে প্রতিবন্ধকতা রয়েছে। এসব সমাধান করে আন্তর্জাতিক মানের বিদ্যাপীঠে উন্নীত করার চেষ্টা চলছে। তারা আরো বলেন, ২৪-এর বিপ্লবের হাত ধরে সেই অগ্রযাত্রা আরো তুরান্বিত হবে বলে আশা করেন আলোচকরা।

এ সময় উপস্থিত ছিলেন- রাবির উপাচার্য প্রফেসর সালেহ হাসান নকীব ও রেজিস্ট্রার প্রফেসর
ইফতেখারুল আলম মাসুদসহ প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তারা।